



National Tourism Organization  
Ministry of Civil Aviation & Tourism

তারিখঃ ১৫/১২/২০১৫ইং

ভিজিট বাংলাদেশ ২০১৬ উপলক্ষে  
বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের  
বিজয় দিবসের অভিনব আয়োজন

বাংলাদেশের পর্যটন শিল্পের উন্নয়নে ২০১৬ সালকে পর্যটন বর্ষ ঘোষণা করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত “ভিজিট বাংলাদেশ ২০১৬” উপলক্ষে বাংলাদেশ ট্যুরিজম বোর্ড বছরব্যাপী বিভিন্ন কর্মকাণ্ড পরিচালনা করে আসছে। এই কর্মকাণ্ডগুলোর সাথে জনসম্পৃক্ততা বাড়ানোর জন্য বিভিন্ন এ্যাকটিভেশন ক্যাম্পেইনের পাশাপাশি প্রিন্ট এবং ইলেক্ট্রনিক মিডিয়ায় ক্যাম্পেইন পরিচালনা করা হচ্ছে।

তারই ধারাবাহিকতায় আগামী ১৬ই ডিসেম্বর ২০১৫ সকাল ০৯টায় শাহবাগ, হাতিরঝিল এবং সংসদভবনের সামনে এ্যাকটিভেশন ক্যাম্পেইন “ভিজিট বাংলাদেশ করো আবিষ্কার, জিতে নাও তোমার পুরস্কার” আয়োজন করা হয়েছে। দর্শনার্থী এবং কৌতূহলী পথচারীরা এ আয়োজনে অংশ নিতে পারবে। সেখানে থাকবে পাজল বোর্ড। পাজলে ভিজিট বাংলাদেশ এর এলোমেলো লোগো থাকবে। তা মেলাতে হবে। যারা “ভিজিট বাংলাদেশ ২০১৬” লোগোটি সফলভাবে মেলাতে সক্ষম হবেন তাদের পুরস্কৃত করা হবে।

বিজয় দিবসে বাংলাদেশে অবস্থানরত প্রবাসীদের “ভিজিট বাংলাদেশ ২০১৬” লোগো চিহ্নিত টি-শার্ট উপহার দেয়া হবে। প্রবাসীরা ভিজিট বাংলাদেশ লোগো প্রদর্শনের মাধ্যমে সারা বিশ্বের পর্যটকদেরকে বাংলাদেশ ভ্রমণের জন্য আমন্ত্রণ জানাবে। গুলশান, বনানী এবং বারিধারা এলাকায় সকাল ১০টা থেকে এই এ্যাকটিভেশন ক্যাম্পেইন অনুষ্ঠিত হবে।

ভিজিট বাংলাদেশ-কে প্রমোট করতে বেতার শ্রোতাদের জন্য বেতার বিজ্ঞাপন এবং বিশেষ প্রমোশনাল প্রচার শুরু হবে। ইতমধ্যে “হ্যালো বাংলাদেশ” বিজ্ঞাপনটি বিভিন্ন টেলিভিশনের মাধ্যমে সারা বাংলাদেশে প্রচারিত হচ্ছে।

বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের সকল আয়োজনে আপনার প্রতিনিধি পাঠিয়ে সংবাদ সংগ্রহ এবং প্রচারের জন্য বিশেষভাবে অনুরোধ করছি।

অনুষ্ঠান সূচি:

ছবি প্রতিযোগিতা:

১৬ ডিসেম্বর ২০১৫ (নিজস্বভাবে ছবি তুলে ওয়েব এ জমা দিতে হবে।)

পাজল মেলানো:

ভিজিট বাংলাদেশের লোগো মেলাতে হবে।

স্থান: শাহবাগ, হাতিরঝিল, সংসদভবন। সময়: সকাল ৯.০০টা

যোগাযোগ- মোবাইল নং: ০১৮৪৭২১৪৩৭৩, ০১৮৪৭০৮১৫৮৯

ভিজিট বাংলাদেশ এ্যাকটিভেশন:

স্থান: গুলশান, বনানী এবং বারিধারা। সময়: সকাল ৯.০০টা

যোগাযোগ- মোবাইল: ০১৮১৭০৪৪৮০৫, ০১৮৩৩১৪৮৩১০, ০১৭১০৬৩২২৮৭, ০১৬৮১৪০৯৭৪৬

ধন্যবাদান্তে

A. Z. Khan

আখতারুজ্জামান খান কবির

প্রধান নির্বাহী কর্মকতা (অতিরিক্ত সচিব)

বাংলাদেশ ট্যুরিজম বোর্ড

Office :

Bangladesh House Building Finance Corporation Bhaban (7th Floor),  
22, Purana Paltan, Dhaka-1000, Bangladesh

Phone : 880-2-9513328 E-mail : btbnto@gmail.com

web : www.tourismboard.gov.bd, www.visitbangladesh.gov.bd